# সূচীপত্র


| | |
|---|---|
| কথোপকথন | ৯ |
| মরুতরণী | ১৯ |
| ঘটনাকাল | ৩১ |
| পিলে ও প্রাদুর্ভাব | ৪৩ |


Scanned with OKEN Scanner

*Die Nacht ist die Nacht, sie beginnt mit dem Morgen*

– Paul Celan, *Mohn und Gedächtnis*

Scanned with OKEN Scanner

১

এই অসহ্য সাইলেন্স চারিদিকে

উত্যক্ত পৃথিবী
যেন নিজেকেই ঘুরতে ঘুরতে
বৃহৎ উপন্যাসের মতো অন্ধ মন্থরতা
পেয়ে গেছে

গাছেদের পাতা নড়ছে না —

নিস্তব্ধতা, প্রিয় নিস্তব্ধতা
তুমি এভাবে চিতপাত হয়ে কীসের আবেগে
নিজেকে ফাটিয়ে ফেলবে
আগে কই
সেকথা বলোনি!

এভাবে জলের কাছে
তৃষ্ণার বায়ুর কাছে চলে যাবে,
আগে তো বলোনি

মানুষের সমাজে...
বড়ো উদকের মতো উগ্র
অভ্যাস



Scanned with OKEN Scanner

তাতে
শব্দেও কি শব্দহীন বুকগুলির
পাম্প করার অলৌকিক নিসর্গ জমেছে?

এই অসহ্য নিজের মধ্যে
নিজেরই বিনাশ
তবু সম্পদে সম্পদের মধ্যে ঘুরে ঘুরে
পৃথিবীর
হতভাগ্য
আবর্তন পরিক্রমণ নিশ্চিন্ত বিলাস
জারি থাকে

১২/৩/২০১৬



Scanned with OKEN Scanner

২

জুতোর ছপছপ শব্দে
শোনা যায় শ্রাবণ অগাধ

সেরকম রোববারে
নরম রান্নার কায়া
জেগে উঠত অলিগলিময়

সবই কি তেমনই আছে?

তবু সব শরীরই রোববার
করে বসে আছে
সন্ধ্যার অপেরা
থেকে ফিরে আসা
চাহিদার রাত

সন্দেহ নেই তুমি জলের ছলাৎ করে
ওঠা ভয়
ভালো জানতে না

পাঁশুটে মুখের পাশে
ফিরে থাকা চোখ তবু
ঘুমের তাড়সে মাঝে মাঝে খুব
লাল করেছিল



Scanned with OKEN Scanner